গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
(moulvibazarsadar.moulvibazar.gov.bd)

বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
স্মারক নম্বর : ০৫.৪৬.৫৮৭৪.০০৫.০২.০০২.২০. ৫০৯ তারিখ : ২০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬ কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন ক্রীড়া পরিদপ্তরের আওতায় ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোর/কিশোরীদের মধ্যে থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে "নতুন কুঁড়ি স্পোর্টস" নামে কর্মসূচি গ্রহণ করা হয়েছে । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আগামী ০২ মে ২০২৬খ্রি. তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় সিলেট জেলা স্টেডিয়াম 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচির শুভ উদ্বোধন করবেন এর মাধ্যমে সারাদেশে একযোগে এ কর্মসূচির কার্যক্রম শুরু হবে । এই মর্মে মৌলভীবাজার সদর উপজেলার ১২-১৪ বছর বয়সী প্রতিভাবান সকল শিশু কিশোর/কিশোরীদের ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা, মার্শাল আর্ট ও সাঁতার এই ০৮টি ইভেন্টে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে । নিবন্ধিত খেলোয়াড় দ্বারা মৌলভীবাজার সদর উপজেলা দল গঠিত হয়ে জেলা পর্যায়ে অংশগ্রহণ করবে ।

বয়সঃ ১২ থেকে ১৪ বছর (০১ মে ২০১২ থেকে ০২ মে ২০১৪ এর মধ্যে জন্ম গ্রহণকারী)

আবেদনের শেষ সময়ঃ ২৭ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত

ওয়েবসাইটের ঠিকানাঃ https://notunkurisports.gov.bd

এমতাবস্থায়, অনলাইন রেজিস্ট্রেশনে মৌলভীবাজার সদর উপজেলার ১২-১৪ বছর বয়সী শিশু কিশোর/কিশোরীদের অংশগ্রহণে উদ্বুদ্ধকরনে ব্যাপক প্রচার-প্রচারণা করার জন্য অনুরোধ করা হলো ।

২০/৪/২৬

(মো. রাজিব হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
ফোন নং+৮৮০২৪১১১০৪১৯
E-mail: unomoulvibazar@mopa.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
২। জেলা প্রশাসক, মৌলভীবাজার
৩। উপজেলা.................................কর্মকর্তা, মৌলভীবাজার
৪। জেলা ক্রীড়া অফিসার, মৌলভীবাজার
৫। চেয়ারম্যান,......................... ইউনিয়ন পরিষদ (সকল), মৌলভীবাজার সদর
৬। জনাব/বেগম..........................................................................................
৭। অফিস কপি

CamScanner